Govt. Reg. No. S-695/30 of 1979-1980

# ইসলামিক এডুকেশন সোসাইটি
# ISLAMIC EDUCATION SOCIETY

www.iesociety.org

**উত্তরা অফিস:** আইইএস কমপ্লেক্স, রোড-৬/এ
সেক্টর-০৫, উত্তরা মডেল টাউন, ঢাকা-১২৩০
**বাংলাবাজার অফিস:** শিকদার ম্যানসন (৩য় তলা)
১২ পি. কে. রায় রোড, বাংলাবাজার ঢাকা-১১০০
মোবাইল: ০১৭৭০ ৪২ ৫৬ ৫২ (হোয়াটসঅ্যাপ)
ই-মেইল: iesociety79@gmail.com
ফেসবুক: facebook.com/IESociety79

## জাতীয় মেধাবৃত্তি পরীক্ষা-২০২৬-এর তথ্যাবলি

| | | |
|---|---|---|
| **রেজিস্ট্রেশন ফি** | : | ২০০/- (দুই শত টাকা)। |
| **রেজিস্ট্রেশনের সময়** | : | ১লা জুলাই'২৬ থেকে ৩১শে আগস্ট, ২০২৬ পর্যন্ত। |
| **পরীক্ষার সম্ভাব্য তারিখ** | : | ৩১শে অক্টোবর, ২০২৬, শনিবার। সারাদেশে একদিনে একই সময়ে পরীক্ষা অনুষ্ঠিত হবে। |
| **অংশগ্রহণের যোগ্যতা** | : | যেকোনো স্কুল ও মাদ্রাসায় ৩য়, ৪র্থ, ৬ষ্ঠ ও ৭ম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থী। |
| **বৃত্তির সংখ্যা** | : | সংশ্লিষ্ট পরীক্ষাকেন্দ্র/জেলায় অংশগ্রহণকারী মোট শিক্ষার্থীর মধ্যে সর্বোচ্চ নম্বরপ্রাপ্তদের মধ্য থেকে ১০% শিক্ষার্থীকে (৩% ট্যালেন্টপুল ও ৭% জেনারেল)-এই হারে বৃত্তি দেওয়া হবে। |
| **বৃত্তির টাকার পরিমাণ** | : | এককালীন ট্যালেন্টপুল ১৫০০/- ও জেনারেল ১০০০/- টাকা ও সনদ দেওয়া হবে। |
| **জাতীয় মেধায় বৃত্তি** | : | সারাদেশের স্কুল ও মাদ্রাসার সর্বোচ্চ নম্বরপ্রাপ্ত ৪০ জনকে নিয়ে 'জাতীয় মেধাক্রম' ঘোষণা করা হবে। শুধু জাতীয় মেধায় বৃত্তিপ্রাপ্তদের প্রতি শ্রেণির জন্য ১ম স্থান–৫০০০/-, ২য় স্থান–৪৫০০/-, ৩য় স্থান–৪০০০/-, ৪র্থ স্থান–৩৫০০/- ও ৫ম স্থান–৩০০০/- টাকা, সনদ ও ক্রেস্ট জাতীয়ভাবে অনুষ্ঠানের মাধ্যমে দেওয়া হবে। |

**রেজিস্ট্রেশন প্রক্রিয়া:**

১. অনলাইনে https://exam.iesociety.org/ লিংকে প্রবেশ করে রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে।

২. প্রতিষ্ঠানের রেজিস্ট্রেশন পূর্বে করা থাকলে নতুন করে রেজিস্ট্রেশনের প্রয়োজন নেই। পূর্বের আইডি পাসওয়ার্ড দিয়ে লগইন করলেই হবে। আইডি বা পাসওয়ার্ড ভুলে গেলে রিসেট করে নিতে হবে।

৩. প্রতিটি প্রতিষ্ঠান থেকে অংশগ্রহণকারীদের মোট ফি একত্রে প্রদত্ত ব্যাংক হিসেবে পরিশোধ করতে হবে। ফি জমাদানের পর **ব্যাংক স্লিপ নম্বর** অনলাইনে সংশ্লিষ্ট লিংকে সাবমিট করতে হবে। হিসাব নম্বর: **ইসলামিক এডুকেশন সোসাইটি, চলতি হিসাব নং ২০৫০১৪৫০১০০১২৯৫১৪, ইসলামী ব্যাংক বাংলাদেশ পিএলসি, মৌচাক শাখা।**

৪. রেজিস্ট্রেশন ফি প্রাপ্তি নিশ্চিত হওয়ার পর সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানকে ফোন কল/মেসেজের মাধ্যমে কনফার্ম করা হবে।

৫. প্রতিষ্ঠান প্রধান তাঁর নিজস্ব আইডি ও পাসওয়ার্ড দিয়ে ওয়েবসাইটে প্রবেশ করে বিস্তারিত তথ্য দেখতে পারবেন।

**সিলেবাস ও মান বণ্টন:**

৬. স্কুল ও মাদ্রাসার জন্য পৃথক সিলেবাসে পরীক্ষা অনুষ্ঠিত হবে। প্রত্যেক শ্রেণির ১০০ নম্বরের ১টি পরীক্ষা অনুষ্ঠিত হবে। সময় ২ ঘণ্টা।

৭. ৩য়, ৪র্থ, ৬ষ্ঠ ও ৭ম শ্রেণি (স্কুল)–(বাংলা-২০, ইংরেজি-২৫, গণিত-২৫, ধর্ম শিক্ষা-২০ ও সাধারণ জ্ঞান-১০; সর্বমোট ১০০ নম্বর)।
৩য় ও ৪র্থ শ্রেণি (মাদ্রাসা)–(কুরআন মাজিদ-১০, আরবি-২০, বাংলা-২০, ইংরেজি-২০ ও গণিত-২০ ও সাধারণ জ্ঞান-১০; সর্বমোট ১০০ নম্বর।)
৬ষ্ঠ ও ৭ম শ্রেণি (মাদ্রাসা)–(কুরআন মাজিদ-১৫, আরবি-১৫, বাংলা-২০, ইংরেজি-২০ ও গণিত-২০ ও সাধারণ জ্ঞান-১০; সর্বমোট ১০০ নম্বর।)

**বৃত্তি প্রাপ্তির ধরন ও যোগ্যতা:**

৮. জেলা/কেন্দ্রভিত্তিক সর্বোচ্চ নম্বরপ্রাপ্তদের মধ্য থেকে ১০% শিক্ষার্থীকে বৃত্তি দেওয়া হবে। তবে শর্ত হলো, ন্যূনতম প্রযোজ্য নম্বর পেতে হবে। গ্রেডভিত্তিক ন্যূনতম নম্বর ট্যালেন্টপুল ৮০%, জেনারেল গ্রেড ৭০%।

৯. কোনো প্রতিষ্ঠানের অংশগ্রহণকারী সংখ্যার ওপর ভিত্তি করে প্রতি ২৫ জনে ১জন হারে বিশেষ বিবেচনায় বৃত্তি দেওয়া হবে। মেধাভিত্তিক বৃত্তি প্রাপ্তির সঙ্গে এটি অতিরিক্ত হিসেবে যুক্ত হবে।

**পরীক্ষা কেন্দ্র ও প্রবেশপত্র:**

১০. প্রত্যেক জেলায় কমপক্ষে ১টি পরীক্ষা কেন্দ্র থাকবে। তবে পরীক্ষার্থী সংখ্যার ওপর ভিত্তি করে একাধিক কেন্দ্র হতে পারে। কোনো উপজেলায় কমপক্ষে ৪০০ জন পরীক্ষার্থী হলে ওই উপজেলায় একটি কেন্দ্র দেওয়া হবে।

১১. ১৫ই অক্টোবর, ২০২৬ থেকে প্রবেশপত্র ডাউনলোড করা যাবে। সংশ্লিষ্ট প্রতিষ্ঠান অথবা শিক্ষার্থী নিজে সোসাইটির ওয়েবসাইট থেকে প্রবেশপত্র ডাউনলোড করে নিতে হবে। সোসাইটি থেকে আলাদাভাবে কোনো প্রিন্টেড প্রবেশপত্র পাঠানো হবে না। প্রবেশপত্রে পরীক্ষা কেন্দ্রের নাম, তারিখ ও সময় উল্লেখ থাকবে।

১২. **ফলাফল প্রকাশ:** সম্ভাব্য ফেব্রুয়ারি-২০২৭।

**বিস্তারিত জানতে সোসাইটির ওয়েবসাইট ও ফেসবুক পেইজ ফলো করুন অথবা ০১৭৭০ ৪২ ৫৬ ৫২ (হোয়াটসঅ্যাপ) এই নম্বরে যোগাযোগ করুন।**

প্রকাশ: ১৩/০৫/২০২৬